



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
ঢাকা কলেজ, ঢাকা-১২০৫  
www.dhakacollege.edu.bd



তারিখ: ০৭/০৮/২০২৩ খ্রি:

## একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ: ২০২৩-২০২৪


Dhaka College EIIN: 107977

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ভর্তি নীতিমালা ২০২৩-২০২৪ অনুযায়ী ঢাকা কলেজে একাদশ শ্রেণিতে বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখায় ছাত্র ভর্তি করা হবে। যে কোন শিক্ষা বোর্ড হতে এস.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ, নিম্নের ছকে উল্লিখিত বিভাগ অনুসারে ন্যূনতম জিপিএ প্রাপ্ত ছাত্ররা ভর্তির আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে।

বিভাগ	ভার্সন	আসন সংখ্যা	ন্যূনতম জিপিএ
বিজ্ঞান	বাংলা	৯০০	৫.০০
ব্যবসায় শিক্ষা	বাংলা	১৫০	৪.৭৫
মানবিক	বাংলা	১৫০	৪.৫০

১০ আগস্ট ২০২৩ থেকে ২০ আগস্ট ২০২৩ তারিখের মধ্যে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য অনলাইনে আবেদন করা যাবে। অনলাইনে আবেদনের জন্য ওয়েব এর ঠিকানা: [www.xiclassadmission.gov.bd](http://www.xiclassadmission.gov.bd)। এস.এস.সি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-র ভিত্তিতে শিক্ষার্থীদের মেধাক্রম নির্ধারিত হবে।

ভর্তির ফলাফল ৩টি পর্যায়ে বোর্ড কর্তৃক প্রক্রিয়াকরণ হবে। একজন শিক্ষার্থী তার মেধা ও পছন্দক্রমানুযায়ী একটি মাত্র কলেজের জন্য নির্বাচিত হবে। নির্বাচিত শিক্ষার্থীকে নিজেই অন-লাইনে বোর্ডের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ৩৩৫/- (তিনশত পঁয়ত্রিশ) টাকা জমা দিয়ে ভর্তির প্রাথমিক নিশ্চায়ন করতে হবে।

  
০৭.০৮.২০২৩  
(অধ্যাপক মোহাম্মদ ইউসুফ)

আইডি নং-৭৬৩৮

অধ্যক্ষ

ঢাকা কলেজ, ঢাকা-১২০৫

ফোন: ০২-৯৬১৩৫৫৯

E-mail: dhakacollegeprincipal@gmail.com